দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ...31 OCT 1988... ...
পৃষ্ঠা... ... ... কলাম... ... ...

00 071

# কৃষ্ণ মেননের ঝোঁক ছিল কম্যুনিজম্-এর দিকে কিন্তু মর্যাদার লোভে তিনি রাতারাতি বৃটিশপন্থী বনে গেলেন

## —মাওলানা আজাদ

নয়াদিল্লী, ৩০ অক্টোবর (পিটিআই)।— মাওলানা আবুল কালাম বলেছেন, নেহরু ভি, কে, কৃষ্ণ মেননকে পছন্দ করতেন কিন্তু তিনি (আজাদ) নিজে মেননকে দেখতে পারতেন না এমনকি গান্ধীজী ও সরদার প্যাটেল মেননের ব্যাপারে 'সন্দেহপ্রবণ' ছিলেন।

মাওলানা আজাদের 'ইণ্ডিয়া ইউনস ফ্রিডম' পুস্তকের অপ্রকাশিত পাণ্ডুলিপির ৩০ পৃষ্ঠায় তিনি বলেন, "যারা আমাদের প্রশংসা করে তাদেরকে আমরা সবাই পছন্দ করি কিন্তু জওহরলাল সম্ভববতঃ এ

২-এর পৃষ্ঠায় দেখুন

# নেহরু ভারতকে মারাত্মক বিপর্যয় থেকে রক্ষা করেন

## —এম, জে, আকবর

নয়াদিল্লী, ৩০ অক্টোবর (পিটিআই)।— জওহরলাল নেহরু ভারতকে বলকান বানানোর একটি বৃটিশ চক্রান্ত নস্যাৎ করে দেন। এটা অত্যন্ত বেদনাদায়ক যে, জওহরলালের কট্টর সমালোচকরা ভারত বিভাগের জন্য তাঁকে দায়ী করেন এবং প্রায় ক্ষেত্রে একা তাকেই দায়ী করা হয়।

## নেহরু

প্রথম পৃষ্ঠার পর

পুস্তক "নেহরু: দি মেকিং অব ইণ্ডিয়া"-তে এ মন্তব্য করেন। এতে তিনি বলেছেন, একটা প্রচারণা চালানার জন্য এখন যথেষ্ট স্বাক্ষ্য প্রমাণ পাওয়া গেছে। তিনি বলেন, ১৯৪৭ সালে এক মারাত্মক পরিণতি থেকে ভারতকে রক্ষা করার এবং পরে ভারতের ঐক্যের জন্য জওহরলাল যে প্রজ্ঞার পরিচয় দিয়েছেন তার জন্য তিনি ইতিহাসের মহান ব্যক্তিদের অন্যতম হিসেবে প্রতিষ্ঠিত হবেন।

এই বইটিতে উল্লেখ করা হয়েছে, ভারতের লৌহমানব সরদার বল্লভ ভাই প্যাটেল রোমান্টিক পণ্ডিত জওহরলাল নেহরুর অনেক আগেই ভারত বিভাগের মতবাদ গ্রহণ করেছিলেন। রায় বাহাদুর ভিপি মেনন (১৮৯৪-১৯৬৬) তার "ক্ষমতা হস্তান্তর" শীর্ষক বইয়ে বলেছেন, তিনি তার প্রিয় মন্ত্রী প্যাটেলকে বুঝিয়েছিলেন অখণ্ড ভারত একটি মোহ বই কিছু নয়। তাছাড়া জিন্নাহ কখনোই পাকিস্তান ছাড়া কিছুই মেনে নেবেন না। আর তাই গৃহযুদ্ধে জড়িয়ে পড়া থেকে ভারতকে রক্ষা করাই' ভাল।